

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.৯০০০.০৪২.১৪.১২১.১৭. ৩২

২৬ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ ০২ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরে সুনামগঞ্জ জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।


সূত্রঃ সুনামগঞ্জ জেলা পরিষদের স্মারক নং-জেপ/সুনাম/নিজস্ব/২০১৫/১৫৮১, তারিখঃ ৩০/১০/২০১৭।

২০১৭-২০১৮ অর্থ বছরে সুনামগঞ্জ জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকায় গৃহীত নিম্নোক্ত ২টি প্রশিক্ষণ প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলোঃ

ক্র:নং	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ
১	জেলা পরিষদ কার্যালয়ে কম্পিউটার প্রশিক্ষণ	৩,০০,০০০/-
২	মহিলাদের সেলাই প্রশিক্ষণ	২,০০,০০০/-

শর্তসমূহঃ

- (১) প্রশিক্ষার্থী বাছাইয়ের জন্য বহুল প্রচলিত জাতীয় দৈনিক পত্রিকায বিজ্ঞপ্তি প্রদান করতে হবে ;
- (২) প্রশিক্ষণ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ সুনামগঞ্জ, উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ, উপজেলা নির্বাহী অফিসার, সদর, সুনামগঞ্জ, সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, সুনামগঞ্জ এর সমন্বয়ে কমিটি গঠন করতে হবে;
- (৩) বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্রসমূহ কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে প্রশিক্ষার্থী নির্বাচন করে তাদের নামের তালিকা (জাতীয় পরিচয় পত্রের নম্বর উল্লেখসহ) মন্ত্রণালয় কে অবহিত রেখে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ;
- (৪) কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত কোর্সসমূহ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত বেসিক আইসিটি ট্রেনিং এর কোর্স মডিউলের অনুরূপে পরিচালনা করতে হবে;
- (৫) সেলাই প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ কোর্স যুবসমূহ উন্নয়ন অধিদপ্তর পরিচালিত প্রশিক্ষণ পাঠক্রম অনুরূপে পরিচালনা করতে হবে;
- (৬) প্রশিক্ষকের সম্মানী প্রতি ক্লাসের জন্য সর্বোচ্চ ৫০০/ (পাঁচশত) টাকা হারে প্রদান করতে হবে;
- (৭) প্রশিক্ষার্থীগণযেহেতু বিনা মূল্যে প্রশিক্ষণের সুযোগ পাচ্ছেন সেহেতু তাদেরকে আর কোন সম্মানী/যাতায়াত বাবদ ভাতা দেয়া যাবেনা; প্রশিক্ষার্থীদের নাস্তার জন্য সর্বোচ্চ প্রতিদিন ৫০.০০ (পঞ্চাশ) টাকা ব্যয় করা যাবে;
- (৮) যেহেতু আলোচ্য প্রশিক্ষণ কার্যক্রম জেলা পরিষদ আইন ২০০০ এর ঐচ্ছিক কার্যবলীর সামাজিক উন্নয়নের আওতাভুক্ত সেহেতু জেলা পরিষদের কার্যবলীর আওতাভুক্ত কোন প্রকল্প বাস্তবায়নের জন্য (জেলা পরিষদ চত্বরে পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম) জেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীগণকে আলাদাভাবে কোন সম্মানী দেয়া যাবেনা।


(আনজুমান আরা)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, সুনামগঞ্জ।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
- ৫। প্রশাসক, জেলা পরিষদ, সুনামগঞ্জ।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।